

## প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বিএসইসি, বিশ্বব্যাংক ও ইউএস এসইসি'র যৌথ উদ্যোগে অনুষ্ঠিত কর্মশালার Industry Day ও কর্মশালার সমাপনী অনুষ্ঠান।**

অদ্য ৩১ অক্টোবর ২০২৪ তারিখে বিএসইসি (BSEC), বিশ্বব্যাংক (World Bank) ও ইউএস এসইসি (U.S. Securities and Exchange Commission) এর যৌথ উদ্যোগে রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে 'Industry Day' শীর্ষক সেশন অনুষ্ঠিত হয়। উক্ত সেশনে DSE, CSE, CDBL, CCBL, BICM, BASM, BMBA, AAMCMF, ACRA, BAPLC, VCPEAB, BMBA, ACRA, BAPLC, CMSF, ICB এবং দেশের পুঁজিবাজারে কর্মরত DSE ও CSE এর TREC Holders, Asset Management Company, Merchant Bankers, Credit rating Companies, Fund manager, Securities Custodian, Mutual Fund Custodian, Trustee of Alternative Fund ও Trustee of Debt Securities এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। ইউএস এসইসি (U.S. Securities and Exchange Commission) এর Risk Strategist Mr. Nitish Bahadur, ইউএস এসইসি এর Associate Director Mr. Paul Gumagay উক্ত সেশন পরিচালনা করেন এবং বক্তব্য রাখেন। এসময় যুক্তরাষ্ট্রের পুঁজিবাজার ও পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা ইউএস এসইসি (U.S. Securities and Exchange Commission) এর কর্মপদ্ধতিসহ বিভিন্ন বিষয় সম্পর্কে আলোচনা করা হয়। উক্ত সেশনে বাংলাদেশের পুঁজিবাজারের মধ্যস্ততাকারীসহ বিভিন্ন অংশীজনদের ভূমিকা কী হওয়া উচিত এবং যুক্তরাষ্ট্রের পুঁজিবাজারের প্রেক্ষিতে অংশীজনরা কী ভূমিকা রাখছেন সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচকবৃন্দ বাংলাদেশের পুঁজিবাজার আগামীতে আরও ভালো করবে বলে সেশনে আশাবাদ ব্যক্ত করেন।

গত ২৭ অক্টোবর ২০২৪ হতে ৩০ অক্টোবর ২০২৪ পর্যন্ত চারদিন ব্যাপী বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC), অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (FID), বাংলাদেশ ব্যাংক (Bangladesh Bank) ও ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি'র (DSE) কর্মকর্তা ও প্রতিনিধিবৃন্দদের অংশগ্রহণে বিএসইসি (BSEC), বিশ্বব্যাংক (World Bank) ও ইউএস এসইসি (U.S. Securities and Exchange Commission) এর যৌথ উদ্যোগের 'Conference on Enhancing Securities Regulation' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। গত ৩০ অক্টোবর ২০২৪ তারিখে উক্ত কর্মশালার সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। কর্মশালার সমাপনী অনুষ্ঠানে সমাপনী বক্তব্য রাখেন বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী। এছাড়াও বিশ্বব্যাংকের সিনিয়র ফিন্যান্সিয়াল সেক্টর স্পেশালিস্ট মিজ শ্যারন কেলি, ইউএস এসইসি এর Associate Director Mr. Paul Gumagay কর্মশালার সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন। চারদিন ব্যাপী অনুষ্ঠিত উক্ত কর্মশালায় ইউএস এসইসি (U.S. Securities and Exchange Commission) এর Risk Strategist Mr. Nitish Bahadur, Associate Director Mr. Paul Gumagay, Branch Chief Mr. Tom Swiers, Senior Special Counsel Ms. Celeste M. Murphy বিশেষ করে পুঁজিবাজারে বিদ্যমান আইনকানূনের যথাযথ পরিপালন নিশ্চিতকরণ, কার্যকর সার্ভেইল্যান্স ও এনফোর্সমেন্ট কৌশল, বিনিয়োগ শিক্ষা ও পারস্পারিক সহযোগিতা বৃদ্ধিকরণসহ পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ সেশন পরিচালনা করেছেন।

এধরণের আয়োজনের মাধ্যমে দেশের অর্থনীতি ও পুঁজিবাজারের সাথে সম্পৃক্ত বিভিন্ন প্রতিষ্ঠান ও সংগঠনের প্রতিনিধিবৃন্দের সক্ষমতা বৃদ্ধি পাবে যা দেশের পুঁজিবাজারের উন্নয়নে কার্যকর ভূমিকা রাখতে সহায়ক হবে বলে আশা করা যাচ্ছে।

মো. মোহাইমিনুল হক  
জনসংযোগ কর্মকর্তা ও মুখপাত্র (অতিরিক্ত দায়িত্ব)

